২৭

তারিখ ...06 MAR 1995... ...
পৃষ্ঠা ৮২ কলাম ...৩...

*The Bangladesh Times*

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## শিক্ষা মন্ত্রণালয়
## বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং শাঃ ১৩/১-৫ (ভারত)/৯৪/৯০-শিক্ষ, তারিখঃ ২৭-২-৯৫ ইং / ১৫-১১-১৪০১ বাং

# বিজ্ঞপ্তি

ভারত সরকারের বৃত্তির অধীনে ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষে স্নাতকপূর্ব পর্যায়ে নিম্নোক্ত বিষয়/শাখা সমূহে মেধানুক্রমের ভিত্তিতে বৃত্তি প্রদানের উদ্দেশ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। কেবলমাত্র নিম্নবর্ণিত শর্তবলী পূরণে সক্ষম প্রার্থীগণই আবেদন করতে পারবেনঃ

| বিভাগ/বিষয় | সুযোগসংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| (ক) বিজ্ঞান শাখা | (কম বেশী হতে পারে) | |
| (১) প্রকৌশল | ২০ | (ক) বিজ্ঞান শাখার জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় পৃথক পৃথকভাবে কমপক্ষে ৮৫% নম্বর পেতে হবে। |
| (২) কৃষি | ০৩ | |
| (৩) ফার্মেসী | ০২ | |
| (৪) উপরের (১) (২) ও (৩) বাদে অন্যান্য বিষয়। | ০৫ | (খ) মানবিক শাখার জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পৃথক পৃথকভাবে কমপক্ষে ৮০% নম্বর পেতে হবে। |
| (খ) মানবিক/কলা শাখা (সকল বিষয়) | ০৫ | (গ) বানিজ্য শাখার জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পৃথক পৃথকভাবে কমপক্ষে ৭৫% নম্বর পেতে হবে। |
| (গ) বানিজ্য শাখা (সকল বিষয়) | ০৫ | (ঘ) পালি, প্রাকৃত ও সংস্কৃতি বিষয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী যে শাখা থেকে এইচ এস সি পাশ করেছেন সে শাখার জন্য প্রযোজ্য উপরে বর্ণিত নম্বর পেতে হবে। |
| (ঘ) পালি, প্রাকৃত ও সংস্কৃতি বিষয় | | তাছাড়া যে বিষয়ের জন্য আবেদন করা হবে সে বিষয় বা সংশ্লিষ্ট বিষয় উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রার্থীর থাকতে হবে। প্রকৌশলের জন্য সংশ্লিষ্ট বিষয় হলো পদার্থ বিদ্যা, গনিত, রসায়ন। ফার্মেসীর জন্য সংশ্লিষ্ট বিষয় হলো পদার্থবিদ্যা, রসায়ন ও জীববিদ্যা। |

বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে কেউ কলা বা বাণিজ্য শাখার জন্য আবেদন করলে এবং বিষয়ের সংশ্লিষ্টতা থাকলে তাদেরকেও নিজের শাখার (বিজ্ঞান) শাখার ছাত্রদের সাথে (অর্থাৎ ক (৪) নং ক্রমিকে) প্রতিযোগিতা করতে হবে। অন্যান্য শাখার ক্ষেত্রেও একই নীতি অনুসরনীয়।

২। একজন প্রার্থী একাধিক বিষয়ে আবেদন করতে পারবেন না।

৩। একটি দেশের বৃত্তির জন্য কেহ মনোনীত হলে তাকে সাধারণতঃ অন্য কোন বৃত্তির প্রার্থী হিসেবে বিবেচনা করা হয় না। তাই এই বৃত্তির সুযোগ ভোগে প্রকৃত পক্ষে আগ্রহী নয় এমন প্রার্থীকে আবেদন করা থেকে বিরত থাকার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

৪। সাদা কাগজে নিম্নলিখিত ছক অনুসারে ইংরেজীতে দুই কপি আবেদনপত্র দাখিল করতে হবে। এক কপি দরখাস্তের সাথে প্রার্থীর উভয় পরীক্ষায় পাশের সার্টিফিকেট ও মার্কসীটের সত্যায়িত ফটোকপি এবং পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি সংযুক্ত করে দিতে হবে। দরখাস্তের অপর কপি একটি মূল দরখাস্তের সাথে আলপিন বা জেমস ক্লীপ দ্বারা এমনভাবে সংযুক্ত করতে হবে যাতে সহজেই পৃথক করা যায়। অন্য কোনরূপ আবেদনপত্র দাখিলের প্রয়োজন নাই।

আবেদন পত্রের ছক
ভারতীয় স্নাতকপূর্ব বৃত্তির জন্য আবেদন
এইচ এস সি পরীক্ষার শাখার নাম
প্রার্থিত বিষয়ের নামঃ

(ক) প্রার্থীর নাম :
(খ) পিতার নাম :
(গ) বর্তমান ঠিকানা (টেলিগ্রাম অফিস সহ) :
(ঘ) এস এস সি ও এইচ এস সি পরীক্ষার ফলাফল :

| পরীক্ষার নাম | বোর্ড | সন | কেন্দ্র ও রোল নম্বর | প্রাপ্ত মোট নম্বর | শতকরা হার |
|---|---|---|---|---|---|
| এস এস সি | | | | | |
| এইচ এস সি | | | | | |
| এস এস সি ও এইচ এস সি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফল ও শতকরা হার | | | | | |

(ঙ) এইচ এস সি পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়/বিষয় সমূহে প্রাপ্ত নম্বর

| সংশ্লিষ্ট বিষয়ের নাম | | | | | শতকরা হার |
|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নম্বর | | | | | |

(চ) জন্ম তারিখ এবং ১-২-৯৪ ইং তারিখে বয়স
(ছ) স্থায়ী ঠিকানা
(জ) জাতীয়তা

আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর

৪। আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় অথবা বাংলাদেশ সচিবালয়ের ৫ নং গেটে রক্ষিত ২ নং কাঠের বাক্সে ১১-৩-৯৫ ইং তারিখের মধ্যে পৌঁছাতে হবে। তবে উক্ত সর্বশেষ তারিখের যত পূর্বে সম্ভব দরখাস্ত দাখিলের জন্য প্রার্থীদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে। অসম্পন্ন দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। দরখাস্তের খামের উপরে "ভারতীয় স্নাতকপূর্ব বৃত্তি" এবং "শাখা/বিষয়ের নাম" স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৫। মনোনয়নের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা মার্চ/৯৫ ইং মাসের ৩য় সপ্তাহে শিক্ষা মন্ত্রণালয়ে এবং জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম) এ টাংগিয়ে দেয়া হবে। প্রার্থীদেরকে কোন চিঠি দেয়া হবে না। নির্বাচিত প্রার্থীদেরকে তাদের মূল সার্টিফিকেট ও মার্কসিট দেখিয়ে নায়েমের রেজিষ্টারের দপ্তর থেকে ফর্ম সংগ্রহ করে তাৎক্ষনিকভাবে জমা দিতে হবে। সে কারণে তাদেরকে ৬ কপি করে ছবি, ইংরেজীতে সার্টিফিকেট ও মার্কসীট সমূহ এবং চাহিদা মোতাবেক অন্যান্য কাগজপত্র প্রস্তুত রাখার পরামর্শ দেয়া যাচ্ছে।

৬। প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্য বা বিবরণী সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড কর্তৃক যাচাইয়ের পর মিথ্যা প্রমানিত হলে তাদের বিরুদ্ধে দণ্ডবিধি অনুসারে ফৌজদারী ব্যবস্থা নেয়া হবে।

৭। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। ভারত সরকার প্রদত্ত বৃত্তি ছাড়া এ ক্ষেত্রে বাংলাদেশ সরকারের কোনরূপ আর্থিক দায়-দায়িত্ব থাকবে না।

৯। স্নাতকোত্তর/পি এইচ ডি পর্যায়ে অধ্যয়নের জন্য বৃত্তির বিজ্ঞপ্তি ভিন্নভাবে প্রকাশ করা হচ্ছে।

মোঃ আকরাম হোসেন
সিনিয়র সহকারী সচিব (বৃত্তি)
শিক্ষা মন্ত্রণালয়
(ভবন নং ৬, কক্ষ নং ১৭০৬)

ডিএফপি-৫২০১-১/৩ (১২১৩) জিডি-১১৭৮